



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



• নং-বামাশিবো/প্রশাসন/ দিনাজপুর -১৫৬/ ২০১১/ ৪

তারিখঃ ১৪.০৭.২০১১খ্রিঃ

**বিষয়ঃ সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মোঃ মোকবুল হোসাইন-কে স্বপদে বহাল ও বেতন- ভাতা প্রদান না করার বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা দাখিল করণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার সদর উপজেলাধীন দাইনুর ইসলামিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসার সুপার (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ মোকবুল হোসাইন ম্যানেজিং কমিটির বিরুদ্ধে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, মিথ্যা ও সাজানো অভিযোগে বিধি বহির্ভূতভাবে সভাপতি ও ম্যানেজিং কমিটির অন্যান্য সদস্যবৃন্দ বিগত ১৫/০৫/২০০৭ খ্রি. তারিখে তাকে সাময়িক বরখাস্ত করেন। মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ৩৬৫৭/১৫ এর প্রেক্ষিতে প্রদত্ত রায় এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নং-৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪; তারিখ:০৬/০৮/২০১৭খ্রিঃ ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক নং-৫৭.২৫.০০০০.০০৪.০৪.০০১.১৭.৪; তারিখ: ২৬/০৯/২০১৭ খ্রিঃ স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন দ্বারা কোন শিক্ষককে ৬০ (ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত না রাখার এবং ৬০ (ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি বেতন ও অন্যান্য ভাতা সমুদয় প্রাপ্য হবেন মর্মে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু অত্র মাদ্রাসার সভাপতি অদ্যাবধি তাকে স্ব-পদে বহাল করে বেতন-ভাতা প্রদান পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেননি। ফলশ্রুতিতে তিনি ও তার পরিবার মানবেতর জীবন-যাপন করেছেন। (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ, শিক্ষা মন্ত্রণালয় এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনের আলোকে সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মোঃ মোকবুল হোসাইনকে স্বপদে বহাল ও বেতন-ভাতা প্রদান না করে কেন তাকে দীর্ঘদিন সাময়িক বরখাস্ত রাখা হয়েছে সে বিষয়সহ তার কর্তৃক অনীত অভিযোগের বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা ১০(দশ) কার্য দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১। সভাপতি, দাইনুর ইসলামিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা।  
ডাকঘর: কমলপুর, উপজেলা: সদর, জেলা: দিনাজপুর।

২। সুপার (ভারপ্রাপ্ত), দাইনুর ইসলামিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা।  
ডাকঘর: কমলপুর, উপজেলা: সদর, জেলা: দিনাজপুর।

নং-বামাশিবো/প্রশাসন/ দিনাজপুর -১৫৬/ ২০১১/ ৪

তারিখঃ ১৪.০৭.২০১১খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, দিনাজপুর।
২. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, দিনাজপুর।
৪. জনাব মোঃ মোকবুল হোসাইন (সাময়িক বরখাস্তকৃত),  
দাইনুর ইসলামিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, সদর, দিনাজপুর।
৫. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন নং ৯৬১২৮৫৮